# এইচ এস সি পরীক্ষা 2016 এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ ৬ ৭**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

১. ▶১৯৮৮ সাল, বর্ষা মৌসুমে সারা বাংলাদেশ পানিতে ভাসছিল। তৎকালীন সরকার ঢাকা শহরকে বন্যার কবল থেকে বাঁচানোর জন্য বেড়িবাঁধ তৈরি করেন। এর ফলে পরবর্তীতে ঢাকা শহর বন্যার কবল থেকে অনেকাংশে রক্ষা পায়। বাঁধের উপর প্রশস্থ রাস্তা তৈরি হওয়ায় যাতায়াত ব্যবস্থার উন্নতি হয়, তাছাড়া চাষাবাদ ও ব্যবসা বাণিজ্যের উন্নতি হয়।

ক. কোন সভ্যতার রাজা প্রথম আইন প্রণয়ন করেন? ১

খ. জাজিয়াতুল আরব বলতে কী বুঝ? ২

গ. বাঁধ ব্যবস্থা কোন সভ্যতায় হয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সভ্যতার আইন সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে লেখ। ৪

২. ▶টিভি চ্যানেল ATN বাংলায় স্বরচিত কবিতা আবৃত্তির প্রতিযোগিতার অনুষ্ঠান হয়েছিল। বাংলাদেশ, পশ্চিবঙ্গ ও অন্যান্য এলাকা হতে প্রতিযোগীরা প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। বিচারক মন্ডলী উক্ত অনুষ্ঠানের তিনজন কবিকে তাদের কবিতা আবৃত্তির জন্য পুরস্কৃত করেন। এতে কবিরা উৎসাহী হন। এতে গ্রামবাংলার অনেক ছাত্ররাও কবিতা রচনায় মনোযোগী হয়। কোথাও কোথাও সাহিত্য মেলার আয়োজন করা হয়।

ক. প্রাক ইসলামি আরবের একেশ্বরবাদী সম্প্রদায়ের নাম কী? ১

খ. সেমিটিক জাতি বলতে কী বুঝ? ২

গ. ATN বাংলার কবি প্রতিযোগিতার পুরস্কারের সাথে প্রাচীন আরবের কোন পুরস্কারের তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রাচীন আরবের বিখ্যাত মেলা সম্পর্কে আলোচনা কর। ৪

৩. ▶রায়ের বাজার ক্লাব ও হাজারিবাগ ফুটবল খেলার প্রতিযোগিতার আয়োজন করে খেলাকে কেন্দ্র করে দুই ক্লাবের ছেলেদের সংঘর্ষ বাধে। এক পর্যায়ে হাজারিবাগের ছেলেরা রায়ের বাজার ক্লাব ঘর ভাঙার জন্য অগ্রসর হয়। রায়ের বাজার ক্লাব কর্তৃপক্ষ গেটের সামনে বিরাট গর্ত খুঁড়ে অভিনব কৌশলে ক্লাব ঘরটি রক্ষা করেন।

ক. হারবুল ফুজ্জার কত বছর স্থায়ী হয়েছিল? ১

খ. হিজরত বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের ক্লাব ঘর রক্ষার কৌশলের সাথে তোমার পঠিত কোন যুদ্ধ কৌশলের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত যুদ্ধে মুসলমানদের জয়ের কারণসমূহ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. ▶ সফররাজ খান উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়ে কতগুলো কর্মসূচি গ্রহণ করেন। প্রথমে তিনি পূর্ববর্তী চেয়ারম্যানের নিয়োগ দেওয়া কিছু ব্যক্তিকে অপসারণ করেন এবং বেশ কিছু দুর্নীতিপরায়ণ কর্মচারীকে বদলির মাধ্যমে সমস্যা সমাধান করেন। ফলে এলাকায় তার বিরুদ্ধে ব্যাপক অভিযোগ উঠে। এক পর্যায়ে তাকে পদত্যাগে বাধ্য করা হয়। অথচ নিরপেক্ষ বিচারে দেখা যায় তার বিরুদ্ধে আনীত অভিযোগগুলো সঠিক ছিল না।

ক. মক্কা বিজয় কত সালে সম্পন্ন হয়? ১

খ. হযরত ওসমান (রা:) কে যুননুরাইন বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত চেয়ারম্যানের পদক্ষেপে হযরত ওসমান (রা:) এর কোন কর্মকাণ্ডের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ন্যায় হযরত ওসমান (রা:) এর বিরুদ্ধে আনীত অভিযোগগুলো যথার্থ ছিলেন না। তুমি কি এর সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

৫. ▶ ভাষার জন্য বাঙালিরা প্রাণ দিয়েছিল। সেই বিষয়টি মাথায় রেখে বাংলাদেশ সরকার বাংলা ভাষাকে সরকারি অফিস আদালতের দাপ্তরিক ভাষার মর্যাদা দেয়। তাছাড়া বাংলা ভাষার উন্নয়নের জন্য একাডেমি প্রতিষ্ঠা করে। বিভিন্ন পণ্ডিতের সহায়তা নিয়ে উক্ত প্রতিষ্ঠান বাংলা ভাষার নানাবিধ সমস্যা দূর করায় ভাষার উচ্চারণ ও ব্যাকরণ রীতিতে এক নতুন মাত্রা শুরু হয়।

ক. শিয়া শব্দের অর্থ কী? ১

খ. আব্দুল মালিককে রাজেন্দ্র বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাংলা-ভাষার দাপ্তরিক ব্যবহার আব্দুল মালিকের কোন কার্যক্রমের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ভাষার মর্যাদা বৃদ্ধিতে আব্দুল মালিকের অবদান উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৬. ▶ মিসরের মামলুক সুলতান আন্ নাসির একজন খ্যাতিমান শাসক ছিলেন। তিনি রাজধানী কায়রোকে প্রাসাদ, মসজিদ, স্নানাগার ফোয়ারা ও স্কুল-মাদ্রাসা নির্মাণ দ্বারা একটি অনিন্দ্যসুন্দর নগরীতে পরিণত করেন। ৫০ কোটি দিরহাম ব্যয়ে কাসর আল-আবলাক নামক প্রাসাদ নির্মাণ ঐশ্বর্যে ভরপুর হয়ে ওঠে। পারস্য কনস্টান্টি নোপাল, ফ্রান্স ও ভারতবর্ষের রাজন্যবর্গ আন-নাসিরের দরবারে দূত পাঠিয়ে কূটনৈতিক বন্ধুত্ব স্থাপন করেন।

ক. আদ দাখিল কাকে বলে? ১

খ. তৃতীয় আব্দুর রহমান খলিফা উপাধি গ্রহণ করেন কেন? ২

গ. উদ্দীপকের আন-নাসিরের কর্মকাণ্ডের সাথে স্পেনের কোন মুসলিম শাসকের সাদৃশ্য রয়েছে— তা ব্যাখ্যা কর। ৩

ঘ. কর্ডোভা নগরীর শিক্ষাব্যবস্থা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭. ▶ একদল জ্ঞানপিপাসু ব্যক্তির পৃষ্ঠপোষকতায় ঢাকায় এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ প্রতিষ্ঠিত হয়। জ্ঞান-বিজ্ঞানের চর্চার জন্য এখানে বিভিন্ন প্রাচীন গ্রন্থাবলি সংরক্ষণ করা হয়। এ প্রতিষ্ঠানটি গবেষণার কাজেও উৎসাহ প্রদান করে থাকে। কিন্তু সরকারি প্রতিষ্ঠান না হওয়ায় নতুন নতুন গবেষণায় প্রতিষ্ঠানটি প্রয়োজনীয় সহযোগিতা দিতে পারে না।

ক. সিয়াসত নামা গ্রন্থের রচিতা কে? ১

খ. আবুল আব্বাসকে আস সাফ্‌ফা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংস্থার কর্মকাণ্ডের সাথে খলিফা আল মামুনের কোন সংস্থার কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আব্বাসি খেলাফাতে সাংস্কৃতিক উন্নয়নে উক্ত সংস্থার অবদান এশিয়াটিক সোসাইটির তুলনায় বেশি ছিল— বিশ্লেষণ কর। ৪

৮. ▶ অযোধ্যার বাবরী মসজিদকে কেন্দ্র করে মুসলিম ও হিন্দু সম্প্রদায়ের মধ্যে দ্বন্ধ কলহ দীর্ঘদিনের। সম্রাট বাবর ১৫২৭ খ্রিষ্টাব্দে মসজিদটি নির্মাণ করেন। হিন্দু সম্প্রদায়ের লোকেরা মনে করে এটি শ্রীরামের জন্মস্থান এবং তাদের জন্য পুণ্যভূমি। তারা জায়গাটি উদ্ধারের জন্য আন্দোলন শুরু করে। বিংশ শতাব্দীর মাঝামাঝি নাগাদ উক্ত জায়গাকে কেন্দ্র করে হিন্দু-মুসলিম সংঘর্ষের সূচনা হয়। এই সংঘর্ষ কয়েক দশক পর্যন্ত স্থায়ী হয়। এর পেছনে রাজনৈতিক, সামাজিক প্রভৃতি বহুবিধ কারণ নিহিত ছিল।

ক. গুপ্তঘাতক সম্প্রদায়ের নেতা কে ছিলেন? ১

খ. সালাউদ্দিন আইয়ুবীর পরিচয় দাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত সংঘর্ষের সাথে আব্বাসীর আমলের শেষের দিকের সে সংঘর্ষ সাদৃশ্যপূর্ণ সেই সংঘর্ষের কারণ নিরূপণ কর। ৩

ঘ. সংঘর্ষের ঘটনাটি ইউরোপের জ্ঞান-বিজ্ঞান ও শিক্ষা সংস্কৃতির উপর কীরুপ প্রভাব বিস্তার করেছিল? ব্যাখ্যা কর। ৪

৯. ▶ মি: হাবিয়া রাষ্ট্র ক্ষমতা গ্রহণের পর প্রজা সাধারণের জন্য কিছু অধ্যাদেশ জারি করেন। তিনি মহিলাদের ঘর থেকে বের হওয়া নিষিদ্ধ করেন। পুরুষদের রাতের বেলায় কাজকর্ম করার নির্দেশ দেন। এ ব্যাপারে তিনি ব্যাপক সমালোচিত হন। অন্যদিকে, জ্ঞান-বিজ্ঞানের উন্নতির জন্য বিশ্বমানের একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলে সকলকে অবাক করেছেন।

ক. ফাতেমী খিলাফতের প্রতিষ্ঠাতা কে? ১

খ. ফাতেমী কারা? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শাসকের অধ্যাদেশে ফাতেমীয় খলিফা আল হাকিমের যে দিকটি ফুটে উঠেছে তার বিবরণ দাও। ৩

ঘ. শুধু অধ্যাদেশ নয় জ্ঞান-বিজ্ঞানের জন্য তার অবদানই উক্ত শাসককে ইতিহাস প্রসিদ্ধ করেছে— মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## বিষয় ৪ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সময় : ৪০ মিনিট — পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

---

১. 'ইয়ামেন' শব্দের অর্থ কী?
ক) সুখী খ) বিত্তশালী
গ) সম্মানিত ঘ) ঐশ্বর্যশালী

২. নগররাষ্ট্রের ধারণা পাওয়া যায় কোন সভ্যতায়?
ক) মিসরীয় খ) সুমেরীয়
গ) রোমান ঘ) গ্রিক

৩. মেসোপটেমীয় সভ্যতার স্রষ্টা মনে করা হয় কাদেরকে?
ক) আশূরীয়দের খ) সুমেরীয়দের
গ) অ্যাসিরীয়দের ঘ) ক্যালডিয়দের

৪. ইসলামের কেন্দ্রভূমি কোনটি?
ক) হাজরামাউত খ) নাজাদ
গ) ইয়ামেন ঘ) হেজাজ

৫. উত্তর আরবের অধিবাসীদের কী বলা হতো?
ক) আরব-ই মুস্তারিবাহ খ) আরব-ই-বায়দা
গ) আরব-ই-আরিবাহ ঘ) আরব-ই-মুকতাদিহ

৬. প্রাচীন মিসরীয়রা কাদেরকে স্বর্গের প্রতিনিধি হিসেবে বিবেচনা করতেন?
ক) ওসিরিসদের খ) আইসিসদের
গ) আমনরেদের ঘ) ফারাওদের

৭. 'প্যাপিরাস' নামক কাগজ আবিষ্কার হয় কোথায়?
ক) মিসরে খ) রোমে
গ) চীনে ঘ) সিন্ধুতে

৮. মানব জীবনের জন্য পূর্ণাঙ্গ জীবন বিধান কোনটি?
ক) ইসলাম ধর্ম খ) হিন্দু ধর্ম
গ) খ্রিস্টান ধর্ম ঘ) বৌদ্ধ ধর্ম

অনুচ্ছেদটি পড়ো ৯ এবং ১০ নং প্রশ্নগুলোর উত্তর দাও।
কুরাইশ ও কায়েস গোত্রের মধ্যে সংগঠিত 'হরব-আল-ফুজ্জার' বন্ধকল্পে মহানবী (স) ৫৯০ খ্রি. উদারপন্থী যুবকদের নিয়ে 'হিলফ-উল-ফুজুল' গঠিত করেন।

৯. উক্ত সংগঠনটি হচ্ছে—
ক) সেবা সংঘ খ) মক্কা উন্নয়ন কর্তৃপক্ষ
গ) শান্তি সংগঠন/কমিটি ঘ) কোনটিই নয়

১০. উক্ত সংগঠনটির উদ্দেশ্য ছিল—
i. শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠা করা
ii. ইসলাম প্রতিষ্ঠা করা
iii. নিঃস্ব অসহায় ও দুর্গতদের সেবা করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. বাণিজ্য শুল্ক কোনটি?
ক) যাকাত খ) উশর
গ) খারাজ ঘ) উশূর

১২. মজলিস-উস-শূরার বিলুপ্তি ঘটে কখন?
ক) খোলাফায়ে রাশেদীনের যুগে
খ) আব্বাসি যুগে গ) উমাইয়া যুগে
ঘ) বুয়াইয়া রাজবংশের যুগে

১৩. ফাতেমীয় কারা?
ক) হযরত আলী ও হযরত ফাতিমা (রা) এর বংশধরগণ
খ) ইসরাইলীগণ
গ) সানইয়ারা ৭ম ইমামে বিশ্বাসীগণ
ঘ) ইসনোআশারিয়া বা দ্বাদশ ইমামে বিশ্বাসীগণ

১৪. 'আস-সাফফাহ' শব্দের অর্থ কী?
ক) রক্তপ্রবাহকারী খ) রক্তপাত
গ) রক্তপিপাসু ঘ) রক্তের প্রয়োজন


১৫. মেসোপটেমীয় ভূখণ্ডে গড়ে উঠেছিল—
i. ব্যাবিলনীয় সভ্যতা
ii. সুমেরীয় সভ্যতা iii. অ্যাসিরীয় সভ্যতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. মিসরীয় সভ্যতা গড়ে উঠার পিছনে মূল অবদান কীসের?
ক) নীলনদের খ) পাহাড়ের
গ) পিরামিডের ঘ) প্যাপিরাসের

১৭. আইয়্যামে জাহেলিয়া যুগে সমাজে বিরাজ করত—
i. আর্থ-সামাজিক বিশৃঙ্খলা
ii. রাজনৈতিক বিশৃঙ্খলা iii. ধর্মীয় বিশৃঙ্খলা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


১৮. হিজরতের সাথে সাথে মহানবী (স) এর—
i. মক্কা জীবনের অবসান হয়
ii. মক্কা জীবনের সূচনা হয়
iii. মদিনা জীবনের সূচনা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. চার্টের '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?




ক) আব্বাসি খিলাফতের কর
খ) উমাইয়া শাসনের কর
গ) খোলাফায়ে রাশেদীনের সময় কর
ঘ) বুয়াইয়া রাজবংশের কর

নিচের চিত্রটি দেখো ২০ এবং ২১ নং প্রশ্নের উত্তর দাও।




২০. চার্টের '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?
ক) আব্বাসি খিলাফতের বিভিন্ন পর্যায়
খ) ফাতেমি খিলাফতের বিভিন্ন পর্যায়
গ) আব্বাসি অভিযান
ঘ) ক্রুসেডের বিভিন্ন পর্যায়

২১. চার্টের ঘটনাটির ফলে—
i. পাশ্চাত্যে মুসলিম সাম্রাজ্যে দ্রব্যের চাহিদা বাড়ে
ii. মুসলমানদের একচেটিয়া আধিপত্য ক্ষুণ্ন হয়
iii. ইউরোপে নৌবাণিজ্য বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

http://teachingbd.com

২২. আব্বাসি খলিফা ছিলেন—
i. ধর্মীয় নেতা ii. প্রশাসনিক প্রধান
iii. প্রধান বিচারপতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ iii ও iii ⓖ i, ii ও iii

২৩. আল মাহদী শাসনরীতির বৈশিষ্ট্য ছিল—
i. সুরক্ষিত রাজধানী স্থাপন
ii. বৈদেশিক নীতি সুদৃঢ়করণ
iii. শাসন শৃঙ্খলা স্থাপন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. মহানবী (স) এর নির্দেশ মতে পথ নির্দেশক হলো—
i. কুরআন ii. হাদিস
iii. বাইবেল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

অনুচ্ছেদটি পড়ো ২৫ এবং ২৬ নং প্রশ্নগুলোর উত্তর দাও।
সাব্বিরের দাদা আলোচনা করছিলেন একজন আব্বাসি খলিফা সম্পর্কে। তিনি বলেন, খলিফা জাফরের প্রতিষ্ঠিত জ্ঞান-বিজ্ঞানের ভিত্তির ওপর তিনি বিকশিত প্রাসাদ নির্মাণ করেছিলেন।


২৫. সাব্বিরের দাদা কোন খলিফা সম্পর্কে বলেছেন?
ⓚ আবুল আব্বাস ⓚ আল মাহদী
ⓖ হারুন ⓖ আল ওয়াসিক

২৬. সাব্বিরের দাদা যে খলিফার কথা বলতে চেয়েছেন তার অবদান রয়েছে—
i. যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে
ii. জ্ঞানবিজ্ঞানের বিকাশে iii. জনগণের কল্যাণে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৭. মহানবী (স) এর রাজনৈতিক প্রজ্ঞার প্রথম স্ফুরণ কোনটি?
ⓚ সিরিয়া গমন
ⓚ হাজরে আসওয়াদ স্থাপন
ⓖ হিলফুল ফুজুল গঠন ⓖ মদিনা রাষ্ট্র প্রতিষ্ঠা

২৮. মক্কার আবহাওয়ার প্রভাবে মক্কাবাসী—
i. রুক্ষ মেজাজি ছিল
ii. বদমেজাজি ছিল
iii. শান্ত ছিল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ো ২৯ এবং ৩০ নং প্রশ্নগুলোর উত্তর দাও।




২৯. চার্টের '?' চিহ্নিত স্থানে কোন ঘটনাটি বসবে?
ⓚ নাখলার খণ্ডযুদ্ধ ⓚ বদরের যুদ্ধ
ⓖ উহুদের যুদ্ধ ⓖ খন্দকের যুদ্ধ

৩০. চার্টটি বিশ্লেষণ করলে প্রমাণিত হয়—
i. এটি বদরের যুদ্ধকেন্দ্রিক
ii. বামপাশে কুরাইশদের অবস্থান তুলে ধরা হয়েছে
iii. ডানপাশে মুসলমানদের অবস্থা দেখানো হয়েছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩১. উমর বিন আবদুল আজিজকে দ্বিতীয় ওমর বলা হয় কেন?
ⓚ তিনি উমরের মতো সর্বত্যাগী রাজর্ষি ছিলেন বলে
ⓚ তিনি উমরের মতো শক্তিশালী শাসক ছিলেন বলে
ⓖ তিনি উমরের মতো সাম্রাজ্যবাদী শাসক ছিলেন বলে
ⓖ তিনি উমরের মতো কঠোর শাসক ছিলেন বলে

৩২. সিফফিনের যুদ্ধ সংঘটিত হয় কিভাবে?
ⓚ মুহাম্মদ (সা.) এর মৃত্যুকে কেন্দ্র করে
ⓚ ওসমান (রা) এর মৃত্যুকে কেন্দ্র করে
ⓖ উমর (রা) এর মৃত্যুকে কেন্দ্র করে
ⓖ আলী (রা) এর মৃত্যুকে কেন্দ্র করে

৩৩. ইসলামের ইতিহাসে রাজতন্ত্রের সূচনা হয় কিভাবে?
ⓚ ইসমাইলীয় শাসন প্রতিষ্ঠার মাধ্যমে
ⓚ ফাতেমি শাসন প্রতিষ্ঠার মাধ্যমে
ⓖ আব্বাসি শাসন প্রতিষ্ঠার মাধ্যমে
ⓖ উমাইয়া শাসন প্রতিষ্ঠার মাধ্যমে

৩৪. ভারত উপমহাদেশে ডাক ব্যবস্থা চালু করেন শেরশাহ। ঠিক তেমনিভাবে মুসলিম শাসকদের মধ্যে সর্বপ্রথম ডাক ব্যবস্থা চালু করেন কে?
ⓚ দ্বিতীয় ওমর ⓚ আব্দুল্লাহ
ⓖ মুয়াবিয়া ⓖ মারওয়ান

৩৫. মুসলিম জগৎ শিয়া ও সুন্নি ২টি দলে বিভক্ত হয়ে পড়ে কীভাবে?
ⓚ কারবালার নৃশংস হত্যাকাণ্ডের ফলে
ⓚ মুয়াবিয়া শাসনের ফলে
ⓖ ইয়াজিদের মৃত্যুর ফলে
ⓖ মুয়াবিয়ার মৃত্যুর ফলে

৩৬. আল মনসুর আব্বাসি বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা, কারণ—
i. বহিঃশত্রু ধ্বংস করেছেন
ii. তিনি অভ্যন্তরীণ কলহ বিনাশ করেছেন
iii. একটি স্থিতিশীল সাম্রাজ্য রেখে গিয়েছিলেন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৭. ওমর (রা) এর মজলিস উস শূরা কীসের প্রতীক?
ⓚ সমাজতন্ত্র ⓚ স্বৈরতন্ত্র
ⓖ গণতন্ত্র ⓖ রাজতন্ত্র

৩৮. কাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়?
ⓚ হযরত আবু বকর (রা) ⓚ হযরত ওমর (রা)
ⓖ হযরত ওসমান (রা) ⓖ হযরত আলী (রা)

৩৯. কোন যুদ্ধে উমাইয়া খিলাফতের পতন হয়?
ⓚ কারবালার যুদ্ধে ⓚ সেতুর যুদ্ধে
ⓖ জাবেরের যুদ্ধে ⓖ কাদেসীয় যুদ্ধে

৪০. 'আস-সাফফাই বা' রক্ত পিপাসু-কার উপাধি ছিল?
ⓚ আবুল আব্বাস ⓚ আল-মনসুর
ⓖ হারুন-অর-রশীদ ⓖ আল-আমিন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ক |

http://teachingbd.com